গাংনীতে সাজাপ্রাপ্ত পলাতক আসামী আটক

মেহেরপুরের গাংনী থেকে ৫ বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামী শিমুল আলীকে আটক করেছে ডিবি পুলিশ। এস আই অজয় কুমার কুন্ডু ও এএসআই জসিম উদ্দিনের নেতৃত্বে অভিযান চালিয়ে মঙ্গলবার বিকালে গাংনীর বামুন্দী বাজার থেকে তাকে আটক করা হয়।

আসামী শিমুল আলী গাংনীর নিশিপুর গ্রামের আহসান আলীর ছেলে। গাংনী থানার সিজিআর মামলায় তার ৫ বছরের কারাদণ্ড ও ৫ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও তিন মাসের কারাদন্ড দেয় আদালত। এছাড়াও হত্যা, মাদক, মারামারির অভিযোগে আরও ৪ টি মামলা আদালতে বিচারাধীন রয়েছে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গাংনী সাজাপ্রাপ্ত পলাতক আসামী আটক করা হয়েছে। তাকে জেল হাজতে প্রেরণের প্রক্রিয়া চলছে।

মেপ্র/এমএফআর

দামুড়হুদায় থেমে নেই মাটি কাটার মহোৎসব, হুমকিতে ভৈরব নদী সহ ফসলি জমি

দামুড়হুদা উপজেলার জয়রামপুর, চিৎলা-গোবিন্দহুদা, বদনপুর, নাপিতখালী, কানাইডাঙ্গা,কুতুবপুর, দলকা লক্ষিপুর,কালিয়াবকরি ও হাতিভাঙ্গার ভৈরব নদীর পাড় সহ বিভিন্ন গ্রামের মাঠে প্রশাসনের নিষেধাজ্ঞা অমান্য করে মাটি কাটার মহোৎসব চলছে। কৃষকের ফসলি জমির পাশে বড় বড় পুকুরের ন্যায় খনন করে মাটি ও বালি কেটে ইট ভাটাসহ বিভিন্ন স্থানে বিক্রি করায় হুমকির মুখে পড়েছে শত শত বিঘা

ফসলি জমি।

এছাড়াও মাটি কাটা গর্তের কারণে ভাঙ্গনে নষ্ট হচ্ছে জমির ফসল। মাটি কাটার ওপর প্রশাসনের নিষেধাজ্ঞা থাকলেও চুপিসারে মাটি কাটছে কিছু ভূমিদস্যু। প্রশাসন অবৈধভাবে মাটি কাটা বন্ধ করতে বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে মোটা অংকের টাকা জরিমানা করলেও তারা থামতে নারাজ। ভুক্তভোগী কৃষকরা বিভিন্ন সময় প্রশাসনের কাছে অভিযোগ করেছেন।

কয়একজন মিলে নাপিতখালী, বদনপুর মাঠে মাটি কেটে গর্ত করছেন। এতে মাটি ভেঙে পড়ে তাদের ফসলি জমি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। মাটি কাটা বন্ধ করতে ভুক্তভোগীগণ বিভিন্ন সময় দামুড়হুদা উপজেলা ভূমি অফিস ও দামুড়হুদা মডেল থানাসহ বিভিন্ন মাঠে মাটি কাটা বন্ধ করতে লিখিত অভিযোগ করলে প্রশাসনের পক্ষ থেকে অভিযুক্তদের কঠোরভাবে সতর্ক করাসহ বিভিন্ন সময়ে মোটা অংকের জরিমানা করা হয়।

এতে কয়েক দিন মাটি কাটা বন্ধ রাখার পর আবারো তারা প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে একইভাবে মাটি কাটা শুরু করেন। ট্রাক্টর ভিড়িয়ে এভাবে মাটি কাটা বন্ধ করা না হলে ফসলি জমির মালিকরা ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হবে বলে আশঙ্কা করছেন আশ পাশের জমির মালিকরা। দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান জানান, মাটি কাটার অপরাধে বিভিন্ন স্থানে ভ্রাম্যমান আদালতে জরিমানা করা সার্থেও মাটি কাটছে।যারা মাটি কাটছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

কুষ্টিয়ায় জাল টাকাসহ কারবারী চক্রের সক্রিয় সদস্য আটক

কুষ্টিয়ায় জাল টাকা সহ মোঃ শফিউর রহমান ওরফে বাধন নামে একজনকে আটক করেছে র্যাব।

সোমবার (২৩ ফেব্রুয়ারি) রাত দেড়টার সময় কুষ্টিয়া সদর উপজেলার

পিয়ারপুর ক্লাবের সামনে বিশেষ অভিযান পরিচালনা করে তাকে আটক করতে সক্ষম হয়। এসময় ১৭ হাজার ৫০০ টাকার জাল নোট, একটি মোবাইল ফোন ও একটি সীমকার্ড জব্দ করা হয়।

আটককৃত মোঃ শফিউর রহমান ওরফে বাঁধন সদর উপজেলার পিয়ারপুর এলাকার মোঃ মেজবাউর রহমান ওরফে লিগারের ছেলে। সে একজন জাল টাকা কারবারীর সক্রিয় সদস্য।

র্যাব কুষ্টিয়ার কোম্পানী কমান্ডার মেজর গাফ্ফারুজ্জামান জানান, সাম্প্রতিক সময়ে বাংলাদেশে জাল টাকা সরবরাহের ব্যাপক হিড়িক লেগেছে। এরই ধারাবাহিকতায় র্যাব-১২, সিপিসি-১, কুষ্টিয়া ক্যাম্পের র্যাবের একটি চৌকষ অভিযানিক দল উক্ত বিষয়ের উপর নিবীড় নজরদারী সহ অধিকতর গোয়েন্দা তৎপর বৃদ্ধি করেন এবং আটককৃত আসামী মোঃ শফিউর রহমান ওরফে বাধন জাল টাকা কারবারীর চক্রের একজন সক্রিয় সদস্য বলে গোয়েন্দা তথ্যের মাধ্যমে নিশ্চিত হয়। এই চক্রের মূল টার্গেট হলো করোনাকালিন সময়ে মানুষের হাতে কোনো টাকা না থাকায় এই সুযোগ ব্যবহার করে জাল টাকা ব্যবহার করা সহ আসন্ন মাহে রমজান ও পবিত্র ঈদ উল ফিতর উপলক্ষে জাল টাকা ব্যবহার করবে।

গোপন তথ্যের ভিত্তিতে সোমবার (২৩ ফেব্রুয়ারি) রাত দেড়টার সময় কুষ্টিয়া সদর উপজেলার পিয়ারপুর ক্লাবের সামনে বিশেষ অভিযান পরিচালনা করে তাকে আটক করতে সক্ষম হয়।

পরবর্তীতে উদ্ধারকৃত আলামত সহ আটককৃত আসামীর বিরুদ্ধে কুষ্টিয়া মডেল থানায় একটি বিশেষ ক্ষমতা আইনে মামলা দায়ের করা হয়েছে।

এস এম জামাল, কুষ্টিয়া থেকে।

আলজাজিরার সঙ্গে বিএনপি-জামায়াতের ‘যোগাযোগ’

আলজাজিরাকে ব্যবহার করে প্রধানমন্ত্রীকে বিশ্ব দরবারে সমালোচিত

করার চেষ্টা করা হচ্ছে। আলজাজিরার সঙ্গে বিএনপি-জামায়াতের যোগাযোগ রয়েছে। আলজাজিরার তথাকথিত প্রতিবেদনকে দেশের ১৬ কোটি মানুষ গ্রহণ করেনি। ইতোমধ্যে এ প্রতিবেদন মিথ্যা হিসেবে প্রমাণিত হয়েছে।

শনিবার দুপুরে দিনাজপুর ইনস্টিটিউট প্রাঙ্গণে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২১ উপলক্ষে শিশু সমাবেশ, আবৃত্তি ও চিত্রাংকন প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে এসব কথা বলেছেন নৌ পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী।

বঙ্গবন্ধু শিশু কিশোর মেলা দিনাজপুর জেলা শাখার আয়োজনে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী বলেন, আলকায়েদার সঙ্গে যাদের যোগাযোগ, আন্তর্জাতিক সন্ত্রাসাবাদের সঙ্গে যাদের যোগাযোগ, তাদের সঙ্গে আমাদের সুসম্পর্ক থাকতে পারে না।

তিনি আরও বলেন, তাদের সঙ্গে সুসম্পর্ক থাকবে লুটেরা, দুর্নীতিবাজ, পলাতক তারেক রহমানের। তাদের সঙ্গে যোগাযোগ থাকবে এতিমের টাকা আত্মসাতকারী খালেদা জিয়ার। মুক্তিযুদ্ধের চেতনাবিরোধী জামায়াতের। মুক্তিযুদ্ধের পক্ষের কোনো মানুষের সঙ্গে আলজাজিরার সম্পর্ক থাকতে পারে না।

খালিদ মাহমুদ বলেন, পৃথিবীর সব জাতিগোষ্ঠীর ভাষা রক্ষার দায়িত্ব বাংলাদেশের। এ ঐতিহাসিক উদ্যোগের অংশ হিসেবে ১৯৯৯ সালে দেশরত্ন শেখ হাসিনা আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট নির্মাণ শুরু করেছিলেন। কিন্তু বিএনপি ক্ষমতায় এসে তার কাজ আর এগিয়ে নেয়নি। পরে ২০০৯ সালে আওয়ামী লীগ ক্ষমতায় এলে মাননীয় প্রধানমন্ত্রী তার উদ্বোধন করেন।

তিনি বলেন, আজকের শিশুরা আগামীর বাংলাদেশ। তারা যদি সঠিক ইতিহাস না জানে তাহলে বাংলাদেশ মূলধারা থেকে আবার দূরে সরে যাবে। জাতির পিতার নেতৃত্বে ২১ ফেব্রুয়ারি রক্ত দিয়ে যে ইতিহাস ও চেতনার বীজ তৈরি করেছিলাম, যে সাহসিকতা ও শক্তি অর্জন করেছিলাম। সেখান থেকে অধিকার থেকে স্বাধিকার, স্বাধীনতা থেকে মুক্তিযুদ্ধ। আজকে সেই স্বাধীনতার মহানায়ক জাতির পিতাকে খাটো করে কথা বলা হয়। তার একটাই কারণ, একজন খলনায়ককে মহানায়কের পাশে বসানোর ষড়যন্ত্র।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দিনাজপুর-১ আসনের সংসদ সদস্য মনোরঞ্জন শীল গোপাল, জেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজিজুল ইমাম চৌধুরী, অতিরিক্ত

জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সানিউল ফেরদৌস এবং অতিরিক্ত পুলিশ সুপার সচীন চাকমা।

কেন্দ্রীয় বঙ্গবন্ধু শিশু কিশোর মেলার ভারপ্রাপ্ত সম্পাদক মো. মনিরুজ্জামান জুয়েলের সভাপতিত্বে আলোচনা সভা শেষে প্রধান অতিথি বিজয়ীদের মাঝে পুরস্কারসহ সনদ বিতরণ করেন।

পরে প্রতিমন্ত্রী দিনাজপুরের বোচাগঞ্জে ঝাড়বাড়ী বাসস্ট্যান্ডে সেতাবগঞ্জ ভিশন সেন্টারের উদ্বোধন করেন।

সৈয়দপুর পৌরসভায় ৫০ বছরে এই প্রথম নারী কাউন্সিলর প্রার্থী

নীলফামারীর সৈয়দপুর পৌরসভা নির্বাচনে ১৫নং ওয়ার্ডে সাধারণ কাউন্সিলর প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করছেন পারুল বেগম।

স্বাধীনতার ৫০ বছরে এই প্রথম পৌরসভায় ওয়ার্ড কাউন্সিলর পদে পুরুষের সঙ্গে ভোটের প্রতিদ্বন্দ্বিতায় মাঠে নেমেছেন একজন নারী।

এই ওয়ার্ডে মোট ছয় প্রার্থী সাধারণ কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন। এর মধ্যে সাধারণ কাউন্সিলর পদে প্রথম নারী হিসেবে গাজর প্রতীক নিয়ে পারুল বেগম এলাকায় নারী ও পুরুষ ভোটারদের মধ্যে দারুণ প্রভাব ফেলেছেন।

কাউন্সিলর প্রার্থী পারুল বেগমের সঙ্গে কথা হলে তিনি এলাকার বিভিন্ন সমস্যার কথা তুলে ধরে বলেন, বিগত সময় যারা এ ওয়ার্ডে কাউন্সিলর হিসেবে ছিলেন নীতিগতভাবে তারা কী করেছে সেটি আমি বলব না। তবে আমি কাউন্সিলর হলে এলাকার বিরাজমান যে সমস্যাগুলো ধারাবাহিকভাবে চলমান সেই সমস্যাগুলোর সমাধান করব।

তিনি বলেন, আমার এলাকায় মাদক, জুয়ার কারণে যুবসমাজ ধ্বংসের দিকে ধাবিত হচ্ছে, চলছে নারী নির্যাতন। এলাকার মুরব্বিদের সঙ্গে নিয়ে এসব অসামাজিক কর্মকাণ্ড থেকে বিপথে থাকা যুবকদের সমাজের মূলধারায় ফিরিয়ে আনার চেষ্টা করব।

আমাদের এলাকায় বাংলাদেশ স্বাধীনতার পর আমিই প্রথম নারী যে সৈয়দপুর পৌরসভায় সাধারণ কাউন্সিলর আসনে সাহসী পদক্ষেপ নিয়ে নির্বাচন করছি। আমি সাহসিকতার সঙ্গে এই এলাকায় বাল্যবিবাহ এবং নারী নির্যাতনের বিরুদ্ধে কঠোর অবস্থানে থাকব ইনশাআল্লাহ।

সিরাজুল ইসলাম পাবলিক পাঠককেন্দ্রে রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত

মহান একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে গতকাল সোমবার সকাল ১১ টায় ঝিনাইদহ জেলার মহেশপুর থানার সামন্তা বাজার সংলগ্ন সিরাজুল ইসলাম পাবলিক পাঠক কেন্দ্রে “চেতনায় একুশ” শিরোনামে স্থানীয় শিশু কিশোরদের নিয়ে রচনা ও বইপড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতা শেষে আলোচনা ও পুরষ্কার বিতরণ করা হয়।
প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরষ্কার বিতরণ করেন সিরাজুল ইসলাম পাবলিক পাঠককেন্দ্রের প্রতিষ্ঠাতা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগের অধ্যাপক এম এ আজিজ। মফস্বল এলাকায় এমন আয়োজন করায় স্থানীয় শিক্ষার্থীদের মধ্যে একুশের চেতনা বিকশিত হবে।

ইবিতে হল খোলার দাবিতে শিক্ষার্থীদের বিক্ষোভ

ইসলামী বিশ্ববিদ্যালয়ের আবাসিক হল না খোলা পর্যন্ত লাগাতার কর্মসূচির অংশ হিসেবে বিক্ষোভ কর্মসূচি পালন করেছেন শিক্ষার্থীরা।

আন্দোলনের দ্বিতীয় দিনে সোমবার (২২ ফেব্রুয়ারি) ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও অবস্থান কর্মসূচি পালন করেন তারা। বেলা ১১টায় ডায়না চত্বর থেকে এ বিক্ষোভ কর্মসূচি শুরু হয়। বিকেল সাড়ে তিনটা পর্যন্ত তারা এ কর্মসূচী অব্যহত রাখে।

এরআগে, রবিবার (২১ ফেব্রুয়ারি) উপাচার্য অধ্যাপক ড. শেখ আবদুস সালামের সঙ্গে আলোচনা করেন শিক্ষার্থীদের প্রতিনিধিরা। আলোচনা শেষে তারা জানান, হল খোলার আন্দোলনের অংশ হিসেবে সোমবার (২২ ফেব্রুয়ারি) বেলা ১১টায় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হবে। সেই মিছিল শেষে প্রতিটি হলের সামনে হল না খোলা পর্যন্ত তারা অবস্থান কর্মসূচি চালিয়ে যাওয়া হবে।

এদিকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শেখ আবদুস সালাম বলেন, উপাচার্য আরও বলেন, ‘আমরা চাইলেই হল খোলার ঘোষণা দিতে পারছি না। এ সিদ্ধান্তটা আমাদের হাতে নেই। এ সপ্তাহ শেষে শিক্ষা মন্ত্রণালয়ে আমাদের মিটিং আছে।

সেখানে তোমাদের এ যৌক্তিক দাবিগুলো সরকারকে জানাবো। যাতে করে সরকার খুব তাড়াতাড়ি আবাসিক হলগুলো খুলে দেওয়ার অনুমতি দেন। তবে আশা করছি অচিরেই আমরা কোনও নির্দেশনা পাবো।’

ইবির প্রো-ভিসির বিদায় সংবর্ধনায় ভিসি- বিদায় মানে আসলে বিদায় নয়

সলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শেখ আসদুস সালাম বলেছেন, বিদায় মানে আসলে বিদায় নয়। বরং ফুলেল শুভেচ্ছাসহ তাকে আমরা যেভাবে বিদায়ী অনুষ্ঠানে অলংকরণ করলাম এতে করে ব্যাথিত না হয়ে বরং আনন্দে উদ্বলিত হওয়া উচিৎ।

সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয় প্রশাসন ভবনের সম্মেলন কক্ষে দু’ মেয়াদে প্রো-উপাচার্যের দায়িত্ব সফলভাবে সম্পাদন করায় অধ্যাপক

ড. মোঃ শাহিনুর রহমান কে বিদায় সংবর্ধনা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, এই প্রতিষ্ঠানের অভিভাবক হিসেবে আমি এই প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধিতে কাজ করতে চাই।সবুজে ঘেরা এই বিশ্ববিদ্যালয় সত্যি গর্বের। এই সুন্দর প্রতিষ্ঠানকে এগিয়ে নিতে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক- কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয় করে প্রতিষ্ঠানের শ্রী বৃদ্ধিতে কাজ করবে বলে আমি বিশ্বাস করি।

অনুষ্ঠানে সভাপতি কলা বিভাগের ডিন ও আয়োজক কমিটির আহবায়ক অধ্যাপক ড. মোঃ সরওয়ার মুর্শেদ বলেন, সব পাখি ঘরে ফেরে। তেমনি ড. শাহিনুর রহমান ঘরে ফিরছে। প্রফেসর শাহিনুর রহমানকে আমি ৩৭ বছর ধরে চিনি।শাহীন রহমান যে দক্ষতা দেখিয়েছে সেটি আজ ফিরে এলো ফুলেল শুভেচ্ছা আর ক্রেষ্ট এর মাধ্যমে।

তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ে ভিসি আসলে ফুলেল শুভেচ্ছা জানানো হয়, সাদরে বরন করার সময় ফুলেল শুভেচ্ছা জানানো হলেও বিদায়বেলায় বিষাদে ভরে থাকে। আয়োজন না থাকায় তাচ্ছিল্য হয়।এতে করে বিশ্ববিদ্যালয়ের মর্যাদা ম্লান হয়, তারা (ভিসি) যখন অনৈতিক কাজ করে, দূর্নীতি করে তার দায়ভার আমাদের উপর বর্তায়।

এই ভিসির আগ্রহে এখানে আজকের প্রো-ভিসির বিদায় অনুষ্ঠানের যে আয়োজন শুরু হলো। এভাবেই এখানকার শিক্ষকদের বিদায় হওয়া উচিত সম্মানের সাথে। সম্মান নিয়ে বিদায় নেওয়াটা মানেই কিন্তু আনন্দের। আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে বিদায় দেওয়া উচিত। আসুন আমরা সেই থেকে প্রসস্থ করি, উজ্জল করি। তাই আজকের এই আয়োজনের জন্য ভিসির প্রতি কৃতজ্ঞতা। আমরা আগামীতে এই ভিসির বিদায়েও যেন ফুলেল শুভেচ্ছার মধ্য দিয়ে বিদায় দিতে পারি।

বিদায়ী প্রো-উপাচার্য অধ্যাপক ড. মোঃ শাহিনুর রহমান বলেন, আজকের এ দিনটি আমার জীবনের স্মরণীয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্যসহ বিভিন্ন বিভাগ আমাকে বিদায় জানাতে এসেছেন এটা অভূতপূর্ব। কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্মকর্তা কর্মচারী সবাই দক্ষ। কেবল তাদের আপনি (ভিসি) গড়ে তুলবেন এবং এ ধারা অব্যাহত থাকে এবং দলমত নির্বিশেষে সবাইকে নিয়ে চলতে পারলে এ বিশ্ববিদ্যালয় সম্ভাবনার পথে, সাফল্যের পথে বহুদূর এগিয়ে যাবে বলে তিনি উল্লেখ করেন।

তিনি বলেন, দুই মেয়াদে শেষ হলো আমার দায়িত্ব।আমি আমার ঘরে ছিলাম

আমি ঘরেই আছি। আজকের এই বিদায়ের মধ্য দিয়ে কেবল আমার কর্ম পদ্ধতি বদলে যাচ্ছে। আমার শিক্ষার্থীরা আমার হৃদয়ের প্রাণের স্পন্দন। এই বিশ্ববিদ্যালয়টি আমার মা। আমি ক্লাস নিতে আবার আমার বিভাগে আমি ফিরে যাবো। আপনাদের সাথে ছিলাম আপনাদের সাথেই আছি।

আমি যা করেছি, সফলভাবে সম্পন্ন করতে পেরেছি আমার সহকারী ও শিক্ষক ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের। আজকের এই দিনে আমি তাদের প্রতি কৃতজ্ঞতা স্বীকার করছি। তিনি আরও বলেন, আমাদের ভিসি আলোকিত এবং বড় মনের মানুষ। আমার বিদায়ী অনুষ্ঠানে এতো সুন্দর অনুষ্ঠান আয়োজন করায় আমি ভিসির কাছে কৃতজ্ঞ।

প্রসঙ্গত, অধ্যাপক ড. মোঃ শাহিনুর রহমান ১৯৯১ সালে খুলনা বিশ্ববিদ্যালয়ে ইংরেজি বিভাগে প্রভাষক হিসাবে কর্মজীবন শুরু করেন। এরপর ১৯৯৪ সালে ইসলামী বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক পদে উন্নীত হন। তিনি ২০ ফেব্রুয়ারী ২০১৩ থেকে ১৯ ফেব্রুয়ারী ২০১৭ পর্যন্ত ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য হিসাবে দায়িত্ব পালন করেন। তিনি আবারো ২২ ফেব্রুয়ারী ২০১৭ তারিখে পুনরায় উপ-উপাচার্য হিসাবে নিয়োগপ্রাপ্ত হন, তিনি আজ অবধি উপ-উপাচার্য হিসাবে কাজ করছেন।

ইংরেজি বিভাগের সভাপতির দায়িত্ব পালনসহ ফোকলোর স্টাডিজ ও সোস্যাল ওয়েলফেয়ার বিভাগের প্রতিষ্ঠাতা সভাপতি হিসাবে দায়িত্ব পালন করেন তিনি।

কালীগঞ্জে সড়ক দুর্ঘটনা রোধে মানববন্ধন ও লিফলেট বিতরণ

নিরাপদ সড়ক ও সড়ক সংস্কারের দাবিতে ঝিনাইদহের কালীগঞ্জে মানববন্ধন ও সচেতনমূলক লিফলেট বিতরণ করেছে নিরাপদ সড়ক চাই, কালীগঞ্জ উপজেলা শাখার সদস্যরা।
আজ সোমবার বেলা ১১টার দিকে নিরাপদ সড়ক চাই কালীগঞ্জ শাখার আয়োজনে সড়কের দুর্ঘটনা রোধে মেইন বাসস্ট্যান্ডের হোটেল ধানশিঁড়ির সামনে ঘণ্টাব্যাপী এ মানববন্ধনে বক্তব্য রাখেন,

বারবাজার হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেজবা উদ্দিন, কালীগঞ্জ ফায়ার সার্ভিসের অফিসার শেখ মামুনুর রশিদ, কালীগঞ্জ পৌরসভার ৫ নম্বর ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র মনিরুজ্জামান রিংকু।

নিরাপদ সড়ক চাই কালীগঞ্জ উপজেলা শাখার আহ্বায়ক ও আরটিভির ঝিনাইদহ জেলা প্রতিনিধি শিপলু জামান, নিসচা ১ নং যুগ্ম আহ্বায়ক মিশন আলী, ২ নং যুগ্ম আহবায়ক তানজির রহমান তকি ও ছাত্র সংগঠন আওয়াজের সভাপতি অরাভ, সপ্ন ছোঁয়া ফাউন্ডেশনের সভাপতি ফিরোজ আহমেদ।

মানববন্ধন শেষে যানবাহনে জন সচেতনমূলক লিফলেট বিতরণ করে বারোবাজার হাইওয়ে থানা পুলিশ, কালীগঞ্জ ফায়ার সার্ভিস ও নিসচার সদস্যরা।
এসময় হেলমেট ও লাইসেন্স বিহীন মোটরসাইকেল চালকদের সতর্ক করে হাইওয়ে থানা পুলিশ।

মানববন্ধনে বক্তারা বলেন, খুলনা-কুষ্টিয়া মহসড়কের গড়াই, রূপসাসহ অন্যান্য পরিবহনের দানবীয় গতি বন্ধ করা, ফিটনেসবিহীন গাড়ি চলাচল বন্ধসহ মহাসড়কে তিন চাকার অবৈধ যানবাহন বন্ধ ও মহাসড়কের ব্লাইন্ড স্পট গুলোর সংস্কারের দাবি জানান।

এক টাকার জীবন সংগঠনের সমন্বয়ক মোস্তফা ইবনে মাসুদ এই মানববন্ধনের উপস্থাপনা করেন।

ঝিনাইদহে করোনা টিকা নিলেন সাবেক প্রতিমন্ত্রী আব্দুল হাই

ঝিনাইদহ সদর হাসপাতাল থেকে কোভিড-১৯ প্রতিরোধক টিকা গ্রহন করলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী আব্দুল হাই এম.পি।
আজ সোমবার দুপুরে ২ টার দিকে তিনি সদর হাসপালে উপস্থিত হয়ে এই টিকা গ্রহণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মেয়র সাইদুল করিম মিন্টু, ঝিনাইদহ সদর হাসপাতালের ডা. জাকির হোসেন।
একই সাথে করোনার টিকা গ্রহন করলেন ঝিনাইদহের জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক অশোক ধর, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের ত্রাণ ও সমাজ কল্যাণ সম্পাদক ও শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের যুগ্ম-আহবায়ক সরোয়ার জাহান বাদশা, ঝিনাইদহ পৌর আওয়ামী লীগের তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মুস্তাফিজুর রহমান মিন্টু।

জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মো: আব্দুল হাই এম পি, টিকা নেওয়ার পর জানান, টিকা নেওয়ার জন্য অনলাইনে নিবন্ধন করার পর মোবাইলে এসএমএম আসে। সেই এসএমএসের নির্ধারিত সময়ে টিকা নিতে এসেছি।

টিকা নেওয়ার ৩০ মিনিটের মধ্যে আমার কোনো পার্শ্ব প্রতিক্রিয়া দেখা যায়নি। কোনো ভয়-ভীতি না নিয়ে সবাইকে টিকা নেওয়ার আহ্বান জানান তিনি।